# পাহাড় সমর্পণে যাবে

পার্থ বন্দ্যোপাধ্যায়

সর্বস্ব তোমাকে দেব—
দলা করে ছুঁড়ে দেব
পাথর প্রতিমা;
শুধু দাবি
দহন জুড়োন দিও
বুকের বালিশে রেখো
প্রিয় ইকোবানা।

অহং পোষাক ছেড়ে
এই পাহাড় সমর্পণে যাবে
আজ শেষতম অভিসারে;
ছোটো অনুরোধ—
ভেতরে প্রস্তুত রেখো
সমুদ্র বিছানা।